তারিখ · 09 · JAN · 2016
পৃষ্ঠা ৪ কলাম ৭

# ভূমিকম্পে জাগরণী উচ্চ বিদ্যালয়ে ফাটল খোলা আকাশের নিচে চলছে পাঠদান

■ মির্জাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

ভূমিকম্পে টাঙ্গাইলের মির্জাপুর উপজেলার পাহাড়ি অঞ্চলের বাঁশতৈল ইউনিয়নের উত্তর পেকুয়া জাগরণী উচ্চ বিদ্যালয়ের একটি পাকা ভবনে ফাটল দেখা দিয়েছে। ভূমিকম্পের ফলে ভবনটির চারপাশ ফেটে ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষক ও শিক্ষার্থীদের নিরাপত্তার কথা ভেবে ভবনটি পরিত্যক্ত ঘোষণা করেছে। ফলে শ্রেণিকক্ষ ছেড়ে খোলা আকাশের নিচে পাঠদান চলছে।

জাগরণী উচ্চ বিদ্যালয়ে গিয়ে দেখা গেছে, ভবনটি খুবই ঝুঁকিপূর্ণ এবং শ্রেণিকক্ষ ছেড়ে ছাত্র-ছাত্রীরা খোলা আকাশের নিচে বসে পাঠ নিচ্ছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শিরীন আক্তার বলেন, 'বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী পাঁচ শতাধিক। বার্ষিক, জেএসসি ও এসএসসি পরীক্ষায় স্কুলের ফল বরাবরই সন্তোষজনক। গত এপ্রিলে দুবার ভূমিকম্পে বিদ্যালয়ের একটি পাকা ভবনে ফাটল ধরে। এ বিষয়ে সংশ্লিষ্ট সবখানে ভবনটি মেরামতসহ সংস্কারের জন্য অবহিত করা হলেও সাড়া মেলেনি। অতিসম্প্রতি ফের ভূমিকম্পে ভনটি এতোটাই ক্ষতিগ্রস্ত যে, যেকোনো সময় ভেঙে পড়তে পারে। তাই শিক্ষক ও শিক্ষার্থীদের নিরাপত্তার কথা ভেবে বিদ্যালয় কর্তৃপক্ষ ভবনটি পরিত্যক্ত ঘোষণা করেছে। এ কারণে খোলা আকাশের নিচে পাঠদান চলছে।'

এ ব্যাপারে মির্জাপুর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. মাসুম আহমেদ বলেন, 'বিদ্যালয়টি ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত হয়েছে, তা অবহিত হয়েছি। বিদ্যালয়ের ভবনটি যাতে দ্রুত সংস্কার বা একটি পাকা ভবন নির্মাণ করা যায়, সে ব্যাপারে ব্যবস্থা নেয়া হবে।'